বাড়ি ভাড়ার চুক্তিপত্র লেখার নিয়ম । ফ্ল্যাট/বাসা ভাড়ার চুক্তিপত্র (নমুনা) bari vara chukti potro

Admin September 04, 2020

বাড়ি ভাড়ার চুক্তিপত্র লেখার নিয়ম

আমাদের নানা সময় বাসা ভাড়া নিতে হয় কম বেশি। যায় চাকুরি ও ব্যবসা করি তাদের জন্য এটি খুবে গুরুত্বপুন বিষয় কেনো না। আপনাকে বাসা ভাড়া নিতে গেল নানা দিক বিবেচনা করতে হবে। এবং যে বাড়ি ভাড়া প্রদান করবে তাকেও নানা দিক নজর রাখতে হবে। কেনোনা বর্তমান সময়ে বাড়ি ভাড়া দিতে গিয়ে অনেকে নানা রকম ঝামেলাতে পরতে দেখা যায়। তবে আপনি যদি একটু সচেতন ভাবে সব দিক গুলো নজরে রাখেন তাহলে আপনার পরর্বতী সময়ে আর কোন ঝামেলাতে পড়তে হবে না।

ফ্ল্যাট ও বাসা ভাড়ার চুক্তিপত্র করার পদ্ধতি

বাসা ভাড়া অথবা ফ্ল্যাট ভাড়া নেওয়ার আগে আপনি যে কাজটি করবেন তাহলো দুই পক্ষ মিলে বসে সকল বিষয়ে খোলা মেলো আলোচনা করবেন। তাহলে পরে আর কোন সমস্যা হবে। দুই পক্ষের আলোচনার সকল বিষয় বাড়ি ভাড়া চুক্তিপত্রে উল্লেখ করতে হবে। এর জন্য আপনাকে ২ টি স্টাম লাগকে একটি ১০০ টাকা ও আর একটি ৫০ টাকার। প্রথম পাতাটি ১০০ টাকা স্টাম্পে প্রিন্ট আউট করবেন এবং বাকি পেজটি ৫০ টাকার পেজে প্রিন্ট আউট করবেন।

কিভাবে নিজে তৈরি করবো ফ্ল্যাট ও বাসা ভাড়ার চুক্তিপত্র

আপনি যদি নিজে নিজে আপনার বাসা ভাড়ার চুক্তি পত্রটি তৈরি করতে চান তাহলে এর জন্য আপনার প্রয়োজন একটি কম্পিউটার অথবা প্রিন্টার। প্রিন্টার না থাকলেও কোন সমস্যা নেই কারণ আপনি চাইলে যেকোন স্থান থেকে মাত্র ১০ টাকা দিয়ে ফাইলটি প্রিন্ট করতে পারবেন। এখন কথা হলো কিভাবে তৈরি করবো একটি সঠিক বাড়ি ভাড়া চুক্তিপত্র এর জন্য আপনাকে কোন মাথা নষ্ট করতে হবে না আপনি পাচ্ছে আমাদের ব্লগ সাইটে একদম ফ্রিতে বাসা ভাড়া চুক্তি পত্র pdf/ Doc ফাইল গুলো।

বাড়ি ভাড়ার চুক্তিপত্র pdf

অনেক আবার pdf/ Doc ফাইল গুলো ডাউনলোড করার জন্য অনলাইনে খোঁজ করে থাকেন । তাই আমরা আপনাদের জন্য নিয়ে আসলাম বাড়ি ভাড়ার চুক্তিপত্র pdf/ Doc ফাইল টি । আপনি শুধু ডাউনলোড করে নিয়ে আপনার সকল তর্থ্য দিয়ে পূরণ করবেন । যেমন নাম ঠিকানা মাসিক কত টাকা ভাড়া প্রদান করবেন মালিক পক্ষকে এবং কত টাকা জামানোত হিসাবে প্রদান করবেন এবং কত দিনের জন্য বাসা ভাড়া নিতেছেন তার তারিখ এগু আপনার নিজের তর্থ্য আপনাকে নিজ থেকে প্রদান করে নিতে হবে ।

ভাড়াটিয়া নিবন্ধন ফরম

একটি বাসা অথবা ফ্ল্যাট ভাড়াতে নিতে হবে আপনাকে বেশ কিছু কাগজ পত্র প্রদান করতে হবে যেমন নিচে আমরা তার বর্ণনা প্রদান করতেছি । আর বাড়ি মালিককে ও সকল তর্থ্য বুঝে নিয়ে তার পরে বাড়ি ভাড়া প্রদান করতে হবে । কারণ অনেক সময় দেখা যায় যে ভাড়াটিয়ারা নানা রকমের অবৈধ কাজে নিজেকে জরিতো করে ।

১। ভাড়াটিয়ার নিজ ২ কপি পাসপোর্টসাইজ রঙিন ছবি।

২। ন্যাশনালকার্ড ,স্মার্ট কার্ড এর ফটোকপি ১ কপি।

৩। চুক্তিনামায়ন্যাশনাল স্মার্ট কার্ড দেখে ভাড়াটিয়ার বায়োডাটা লিখবেন।

৪। চুক্তিনামায়অবশ্যই ভাড়াটিয়ার আইডি নাম্বার উল্লেখ করে দিবেন।

ফ্ল্যাট/বাসা ভাড়ার চুক্তিপত্র (নমুনা)

নিচে আপনাদের সুবিধার জন্য একটি নমুনা প্রদান করা হলো আপনারা চাইলে বাড়িভাড়া নমুনা টি দেখে দেখে নিজেরা তৈরি করতে পারেন আপনার মন মত চুক্তিপত্র । আপনাদের যদি কোন প্রকার সাহায্য লাগে তাহলে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন ।

লিমন হাসান , পিতা-মৃতঃ মনিরুজ্জামান , সাং- খোর্দ্দা রংপুর, পোঃ- , মাহিগঞ্জ, থানা-মাহিগঞ্জ, জেলা-রংপুর । ধর্ম-ইসলাম, পেশা- ব্যবসা, জাতীয়তা বাংলাদেশী-.............প্রথম পক্ষ/মালিক ।

বনাম

মাহামুদুল হাসান , পিতা-রিংকন ইসলাম , সাং- খোর্দ্দা রংপুর, পোঃ- , মাহিগঞ্জ, থানা-মাহিগঞ্জ, জেলা-রংপুর । ধর্ম-ইসলাম, পেশা- ব্যবসা, জাতীয়তা বাংলাদেশী-.............দ্বিতীয় পক্ষ/ভাড়াটিয়া ।

অদ্য ভাড়ানামা পত্র মিদং ১ম পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তপশীল বর্ণিত গৃহ মাসিক মং ১২,০০০/- (বারোহাজার) টাকা ভাড়া সাব্যস্থে ২য় পক্ষ ভাড়া নিতে সম্মত হওয়ায় নিম্ন লিখিত শর্তে উভয় পক্ষ সম্মত ও বাধ্য থাকিয়া অত্র ভাড়ানামা করা হইল ।

ইহার মূল কপি ২য় পক্ষের নিকট থাকিবে এবং একমাত্র ফটোকপি ১ম পক্ষ সমজিয়া নিবেন ।

শর্ত সমূহ-

১। অত্র ভাড়ানাম ০৬/১৪/২০২০ ইং হতে ০৬/১৪/২০২২ ইং পর্যন্ত দুই বছর মেয়াদ ধার্য্য কার হইল।

২। ২য় পক্ষ অদ্য বাসা ভাড়ার জামানত সরুপ ১ম পক্ষকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা সমজাইয়া দিলেন।

৩। ২য় পক্ষ প্রতি মাসের ভাড়া মাসের শেষ তারিখে অথবা পরবতী মাসের ৬ তারিখের মাধ্যে ১ম পক্ষকে ভাড়া বুঝিয়া দিবেন।

৪। ভাড়া নেওয়া বাসার বিদ্যুৎ ও গ্যাস বিল ২য় পক্ষ নিজ হইতে নিজ দায়িত্বে আদায় করিবেন। তাহা ভাড়া হইতে কর্তন যাবে না। কোন অবস্থাতেই বিদ্যূৎ ও গ্যাস বিল বকেয়া রাখা যাবে না। কোন কারণে তাহার ক্ষতিপূরণ -সহ ২য় পক্ষ দিতে বাধ্য থাকিবেন।

২য় পাতা

৫। ২য় পক্ষ ভাড়া নেওয়া বাসার অবৈধ কর্মকান্ড এবং রাষ্ট্রদ্রোহী কোন কার্যকলাপ হইতে বিরত থাকিবেন।

৬। ২য় পক্ষ ভাড়া নেওয়া বাসার কোনরুপ পরিবর্তন , পরিবর্ধন করিতে পারিবেন না। উক্ত ভাড়া বাসায় কাউকে শেয়ার বা উপ-ভাড়াটিয়া নিয়োগ দিতে পারিবেন না। তাহা করিলে চুক্তিনামা বাতিল বলিয়া গণ্য হইবে।

৭। ভাড়া নেওয়া বাসার পানির টেপ, বেসিন, সিং, গ্যাসের চুলা, দেওয়ালের রং সহ অন্যান্য আসবাবপত্রের কোনরুপ পরিবর্তন করিলে মালিকপক্ষকে অবগত করিয়া ২য় পক্ষ নিজ খরচে তাহা মেরামত করিবেন।

৮। মেয়াদ শেষে নতুনকরে চুক্তি আবদ্ধ না হইলে ২য় পক্ষ ভাড়া নেওয়া বাসার কোনরুপ পরিবর্তন না করে ১ম পক্ষকে বিনা আপত্তিতে সমজাইয়া দিবেন।

তপশীলঃ

মাহিগঞ্জ কলেজ রোড সামনে , ডাক- মাহিগঞ্জ, থানা- মাহিগঞ্জ, জেলা- রংপুর, হোল্ডিং নং- ৪৩৫, ২ টি বেডরুম, ১ টি কিচেন, ২টি রাথরুম। তারিখঃ ০৬/১৪/২০২০ ইং।

উপরোক্ত শর্ত স্বাপেক্ষে আমরা উভয়েই সম্মত হইয়া স্ব-জ্ঞানে নিম্নে নিজ নিজ নাম স্বাক্ষরের মাধ্যমে অত্র ভাড়ানামা চুক্তি সম্পাদন করিলাম।

স্বাক্ষীগণের স্বাক্ষরঃ ১ম পক্ষ/মালিক

১।

২।

৩। ২য় পক্ষ/ভাড়াটিয়া

Tags: চুক্তিপত্র